

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭২৬

৬/ রোযা (সাওম) (ﷺ) পরিচ্ছেদঃ ৩০. রোযা থাকা অবস্থায় সুরমা ব্যাবহার করা

باب مَا جَاءَ فِي الْكُحْلِ لِلصَّائِمِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الأَعْلَى بْنُ وَاصِلِ الْكُوفِيُّ، حَدَّثَنَا الْحَسَنُ بْنُ عَطِيَّةَ، حَدَّثَنَا أَبُو عَاتِكَةً، عَنْ أَنَسِ بْنِ مَالِكِ، قَالَ جَاءَ رَجُلُ إِلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ اشْتَكَتْ عَيْنِي أَفَاكُتَحِلُ وَأَنَا صَائِمٌ قَالَ "نَعَمْ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي رَافِعٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَفَاكُتَحِلُ وَأَنَا صَائِمٌ قَالَ "نَعَمْ ". قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي رَافِعٍ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنَسٍ حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِالْقَوِيِّ وَلاَ يَصِحُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي هَذَا الْبَابِ شَيْءٌ. وَأَبُو عَاتِكَةَ يُضَعَّفُ. وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْكُحْلِ لِلصَّائِمِ فَكَرِهَهُ الْبَابِ شَيْءٌ. وَأَبُو عَاتِكَةَ يُضَعَّفُ . وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْكُحْلِ لِلصَّائِمِ فَكُو لَهُ الْعِلْمِ فِي الْكُحْلِ لِلصَّائِمِ وَهُو قَوْلُ الشَّافِعِيّ .

বাংলা

৭২৬। আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকটে এসে বলল, আমার চোখ ব্যথা করে। আমি রোযা থাকা অবস্থায় তাতে সুরমা লাগাতে পারি কি? তিনি বললেনঃ হাাঁ। - সন্দ দুর্বল

এই অনুচ্ছেদে আবৃ রাফি (রাঃ) হতেও হাদীস বর্ণিত আছে। আবৃ ঈসা বলেন, আনাসের হাদীসের সনদ খুব একটা মজবুত নয়। এই বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সহীহ্ কিছু বর্ণিত নেই। আবৃ আতিকা একজন দুর্বল রাবী। রোযা থাকা অবস্থায় সুরমা ব্যবহার প্রসঙ্গে আলিমগণের মধ্যে মতের অমিল আছে। সুফিয়ান, ইবনুল মুবারাক, আহমাদ ও ইসহাকের মতে রোযা থাকা অবস্থায় সুরমা ব্যবহার করা মাকরহ। ইমাম শাফিঈর মতে তা ব্যবহারের সম্মতি আছে।

English

Anas bin Malik narrated that:



a man came to the Prophet and said: "My eyes are bothering me, can I use Kuhl while I am fasting?" He said: "Yes."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন